

পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

২৫ এপ্রিল, ২০২২

তারিখ:-----

১২ বৈশাখ, ১৪২৯

পিএসডি সার্কুলার নং -০৬/২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) প্রোভাইডার

প্রিয় মহোদয়,

মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস) এর লেনদেন সীমা পুনর্নির্ধারণ প্রসঙ্গে।

বর্তমানে দেশের সামগ্রিক পরিশোধ ব্যবস্থায় মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস) গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। কোভিড-১৯ উদ্ভূত পরিস্থিতিতে, এমএফএস এর আওতা এবং লেনদেনের ব্যাপ্তি প্রসারের পাশাপাশি এ মাধ্যম ব্যবহার করে সরকারের বিভিন্ন প্রণোদনা, শিক্ষা, সামাজিক নিরাপত্তা বেটনীর আওতায় আর্থিক সহায়তা প্রদান ইত্যাদি কার্যক্রম ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। একইসাথে, স্বল্প আয়ের জনগণের মাঝেও এমএফএস ব্যবহারের প্রবণতা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। ফলে, এমএফএস এর ক্রমবর্ধমান চাহিদার কথা বিবেচনা করে এবং ইলেকট্রনিক পেমেন্টকে উৎসাহিত করার লক্ষ্যে এমএফএস এর ব্যক্তিক হিসাবের লেনদেনের সীমা পুনর্নির্ধারণ করা প্রয়োজন।

২। বর্ণিত প্রেক্ষাপটে, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস-এর ব্যক্তিক হিসাবের মাধ্যমে লেনদেন সীমা নিম্নোক্তভাবে পুনর্নির্ধারণ করা হলোঃ-

ক্রঃ নং	সেবাসমূহ		সংখ্যা (সর্বোচ্চ)	সর্বসাকুল্য পরিমাণ (টাকা)
১.	ক্যাশ-ইন	এজেন্ট পয়েন্ট	দৈনিক	৩০,০০০/-
			মাসিক	২,০০,০০০/-
		ব্যাংক ট্রান্সফার (ব্যাংক হিসাব ও কার্ড)	দৈনিক	৫০,০০০/-
			মাসিক	৩,০০,০০০/-
২.	ক্যাশ-আউট	দৈনিক	২৫,০০০/-	
		মাসিক	১,৫০,০০০/-	
৩.	পিটুপি	দৈনিক	২৫,০০০/-	
		মাসিক	২,০০,০০০/-	
৪.	হিসাব স্থিতি	---	৩,০০,০০০/-	

তবে, এমএফএস প্রোভাইডার প্রতিষ্ঠানসমূহ তাদের প্রতিষ্ঠানের ঝুঁকি বিশ্লেষণ অনুসারে উপরোক্ত সীমা অতিক্রম না করে স্ব-স্ব প্রতিষ্ঠানের গ্রাহকগণের লেনদেনের সীমা নির্ধারণ করতে পারে।

৩। এছাড়া, ইতোপূর্বে ১৯/০৫/২০১৯ তারিখে জারিকৃত পিএসডি সার্কুলার নং-০১/২০১৯ এ বর্ণিত অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মেজবাউল হক)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০১৭৪